

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.doga.gov.bd

নং: ২৫.৪৩.০০০০.০০৭.০৬.০৬০.১৫/৫৪(৫)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৩
১১ জুন ২০১৭

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সময়: ১২.০০ ঘটিকা

তারিখ: ১৯-০৬-২০১৭ ইং

স্থান: পরিচালকের দপ্তর

উপস্থিতির বিবরণ: সংযুক্ত তালিকা

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অত্র পরিদপ্তরের বিভিন্ন শাখা কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে এর কার্যক্রমকে গতিশীল ও সেবামুখী করা সহ সকলের সহযোগিতা কামনা করেন এবং সেবাসমূহ সহজীকরণের বিষয়ে নতুন কোন প্রস্তাব থাকলে তা পেশ করার আহ্বান জানান।

এর প্রেক্ষিতে অত্র পরিদপ্তরের অফিস ব্যবস্থাপনা ও সেবা প্রদান বিষয়ে আলোচনা হয়। আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
১।	ইউনিকোড ব্যবহার সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরের যে সকল শাখায় টাইপিং এ ইউনিকোড যথাযথভাবে ব্যবহার হচ্ছে না সে সকল শাখায় সকল ধরনের টাইপ ইউনিকোডে করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২।	না-দাবী সংক্রান্ত	ভাড়া আদায় শাখা ১ এবং ২ এ যে সকল বাসার অনুকূলে বরাদ্দ প্রাপক দীর্ঘদিন যাবৎ কোন ধরনের না-দাবী গ্রহণ করছেন না তাদের তালিকা করে পরবর্তী ১(এক) মাসের মধ্যে না-দাবী গ্রহণ করার জন্য পত্র দিতে হবে।	হিসাব রক্ষক (সকল ভাড়া শাখা) প্রতি শাখায় ১(এক) জন সহঃ হিসাব রক্ষককে তালিকা করার জন্য দায়িত্ব প্রদান করুন।
৩।	দোকান বরাদ্দ শাখার তথ্য আপডেট সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরের দোকান বরাদ্দ শাখার বরাদ্দ এবং মামলা সংক্রান্ত তথ্য অন্যান্য বরাদ্দ শাখার মত রেজিস্টারে অন্তর্ভুক্ত করে আপডেট রাখতে হবে।	সংশ্লিষ্ট সহকারী পরিচালক এ সংক্রান্ত আপডেট তথ্য সহ রেজিস্টারে অন্তর্ভুক্ত করুন।
৪।	গ্যারেজের তথ্য সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরের ই শ্রেণী এবং ভিআইপি বরাদ্দ শাখা হতে যে সকল গ্যারেজ বরাদ্দ প্রদান করা হয় কার্যক্ষেত্রে অনেক সময় স্বয়ংসম্পূর্ণ তথ্য থাকেনা তাই পরিদর্শক দিয়ে সকল গ্যারেজের দখল সংক্রান্ত	সহকারী পরিচালক(ই এবং ভিআইপি বরাদ্দ শাখা) পরবর্তী ১ মাসের মধ্যে এ সংক্রান্ত তথ্য আপডেট সহ নতুন রেজিস্টারে

	প্রতিবেদন সংগ্রহকরণ পূর্বক নতুন রেজিস্টারে অর্ন্তভুক্ত করতে হবে।	অর্ন্তভুক্ত করুন।
--	------------------------------------------------------------------	-------------------

পরিশেষে অত্র পরিদপ্তরের বিভিন্ন সেবারমান বৃদ্ধির জন্যে সেবামূলক মানসিকতা নিয়ে সেবা প্রত্যাশীদের সহযোগিতা করার জন্য আহ্বান জানানোর মাধ্যমে সভা পরিসমাপ্তি করা হয়।

স্বাক্ষর:
পরিচালক (যুগ্ম সচিব)
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। যুগ্ম সচিব(উন্নয়ন অধিশাখা-৭) গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
- ৩। উপ-পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর,সিজিএ ভবন -২ আগ্রাবাদ, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক (), সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জনাব মহোদয়ের নাম, সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।

৬। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।)

৭। অফিস কপি

মাসুদুল আলম
মাসুদুল আলম
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি